

২৫ জ্যৈষ্ঠ ১৩৯৪

**সেনবাগ উচ্চ বালিকা
বিদ্যালয় সরকারীকরণের
আবেদন**

নোয়াখালীর সেনবাগ উপ-
জেলার উচ্চ বালিকা বিদ্যালয়
এলাকার নারী শিক্ষার অন্-
তম প্রতিষ্ঠান। উপজেলার
সদর দপ্তরে ৩ একর জমির
উপর ১৯৭০ সালে বিদ্যা-
লয়টি স্থাপিত হয়। বিদ্যালয়টির
শিক্ষার মান যথেষ্ট উন্নত। বর্ত-
মানে বিদ্যালয়টিতে প্রায় ৫ শত
ছাত্রী অধ্যয়ন করিতেছে।
বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকার
সংখ্যা ১৪ জন। বর্তমানে সর-
কার প্রতি উপজেলায় একটি
করিয়া নারী শিক্ষা প্রতিষ্ঠানকে
সরকারীকরণের যে প্রশংসনীয়
পদক্ষেপ গ্রহণ করিয়াছেন উহার
প্রেক্ষিতে ১৯৮৪ সালে সেনবাগ
বালিকা বিদ্যালয়কে সরকারী-
করণের জন্য প্রয়োজনীয় কাগজ-
পত্র জেলা শিক্ষা অফিসারের
নিকট প্রদান করা হয়। কিন্তু
দুঃখের বিষয় আজ পর্যন্ত বিদ্যা-
লয়টিকে সরকারীকরণ করা হয়
নাই।

—মোঃ গোলজার, ও হাসা
মনজুর, সেনবাগ উপজেলা সদর,
নোয়াখালী।